

ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ পানাহারের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

১০। খাবার শেষে আঙ্গুল ও প্লেট চেঁটে খান। তারপর মুছে অথবা ধুয়ে ফেলেন

মহানবী (ﷺ) এরূপই করতেন এবং এরূপ করতে অপরকে আদেশ করতেন। তিনি (ﷺ) বলেন, “যখন তোমাদের কেউ খাবার খায় তখন সে যেন তার আঙ্গুল চেঁটে বা চাঁটিয়ে না নেওয়ার আগে তা না মুছে (বা না ধোয়)।”[1]

জাবের বিন আব্দুল্লাহ (রাঃ) বলেন, “নবী (ﷺ) আঙ্গুল ও প্লেটকে চেঁটে খেতে আদেশ করেছেন এবং বলেছেন,

«إِذَا أَكَلَ أَحَدُكُمْ فَلَا يَمْسَحْ أَصَابِعَهُ حَتَّى يَلْعَقَهَا فَإِنَّهُ لَا يَدْرِي فِي أَيِّ طَعَامِهِ كَانَتْ الْبَرَكَةُ»

“যখন তোমাদের খাবার খাবে আঙ্গুল চেঁটে না খেতে হাত মুছবেনা। কেননা, তোমরা জান না যে, কোন খাবারে বরকত আছে।”[2]

এক বর্ণনায় আছে যে, শেষের খাবারে বরকত নিহিত আছে।[3]

খাওয়ার শেষে আঙ্গুল চেঁটে খাওয়ার গুরুত্ব বিজ্ঞানও স্বীকার করেছে। কারণ, আঙ্গুলের মাথা হতে এক প্রকার পদার্থ নির্গত হয়, যা খাদ্য হজম হওয়াতে সাহায্য করে। আর এ জন্যই তরকারীতে আঙ্গুল ডোবালে তরকারী খুব তাড়াতাড়ি খারাপ হয়ে যায়।

জ্ঞাতব্য যে, প্লেট চেঁটে খেলে প্লেট দু’আ বা ইস্তিগফার করে এ ধারণা শুদ্ধ নয়। কারণ এ প্রসঙ্গে বর্ণিত হাদীস সহীহ নয়।[4]

ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫৪৫৬, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৩১, প্রমুখ

[2]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ১৩৮০৯, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/২০৩৩, ইবনে মাজাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৩২৭০

[3]. আবু আওয়ানাহ, নাসাঈ, ইবনে হিব্বান ১৩৪৩, ইরওয়াউল গালীল ৭/৩২

[4]. যয়ীফুল জা’মে হা/৫৪৭৮

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন